

## ১.২ জাতীয় বননীতি, ১৯৯৪ (সংশোধিত)

পরিবেশ ও বন মন্ত্রণালয়

পরিকল্পনা শাখা - ১

বিজ্ঞপ্তি

তারিখ, ১৭ই জ্যৈষ্ঠ ১৪০২/ ৩১শে মে ১৯৯৫

নং পবম/ পরি-১/ ফসেমা/ কারি- ৩৪(অংশ) / ১০৯ - সরকার কর্তৃক অনুমোদিত জাতীয় বননীতি, ১৯৯৪ (সংশোধিত) সাধারণের অবগতির জন্য প্রকাশ করা হইল।

কারার মাহমুদুল হাসান

উপ-সচিব (উন্নয়ন)

পরিবেশ ও বন মন্ত্রণালয়

## জাতীয় বননীতি, ১৯৯৪ (সংশোধিত)

স্বাধীনতার পর ১৯৭৯ ইং সালে ৮ই জুলাই তারিখে বাংলাদেশ সরকার সর্বপ্রথম জাতীয় বননীতি প্রণয়ন করে। কিন্তু ইতিমধ্যে বিভিন্ন আর্থ- সামাজিক কারণে দেশের বন সম্পদের অস্বাভাবিক ও দ্রুত অবক্ষয়ের প্রেক্ষাপটে পরিবেশের অবনতিসহ বিভিন্ন ধরনের প্রাকৃতিক ও অনাকাঙ্ক্ষিত প্রতিকূলতা মোকাবিলায় লক্ষ্যে উক্ত বননীতি সংশোধন পূর্বক ইহাকে যুগপোযোগী করার প্রচেষ্টা গ্রহণ করা হয়। এ প্রচেষ্টার অংশ হিসাবে সরকার বিশ বছর মেয়াদী বন মহাপরিকল্পনা প্রণয়নের কাজ শুরু করে, যাহার খসড়া সম্প্রতি প্রস্তুত করা হইয়াছে।

উল্লিখিত খসড়া বন পরিকল্পনায় বন খাতে বর্তমান বিরাজমান সার্বিক পরিস্থিতির আলোকে জাতীয় বননীতি, ১৯৭৯ পুংখানুপুংখভাবে পরীক্ষা ও পর্যালোচনা করিয়া ইহাকে যুগের চাহিদার আলোকে সংশোধন করার প্রস্তাব / পরামর্শ প্রদান করা হয়। উক্ত প্রস্তাব তথা পরামর্শের আলোকে বননীতি, ১৯৭৯ সংশোধন পূর্বক জাতীয় বননীতি ১৯৯৪ প্রণয়ন করা হইয়াছে।

এই বননীতি, ১৯৯৪ প্রণয়নের প্রক্রিয়ায় নিম্নে বর্ণিত বিষয়াদি বিশেষভাবে বিবেচনায় আনা হইয়াছে। যথা :-

- (ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানে বর্ণিত জনকল্যাণ মূলনীতি সমূহ ;
- (খ) পরিবেশসহ দেশের সার্বিক আর্থ- সামাজিক উন্নয়নে বনখাতের বিশেষ ও সুদূরপ্রসারী ভূমিকা ;